গাংনীতে প্রশিক্ষণার্থীদের লাঞ্ছিতের ঘটনায় দুই প্রশিক্ষণাার্থীকে বহিষ্কারের সুপারিশ

মেহেরপুরের গাংনী মহিলা অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিউটিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্রে হামলা ও লাঞ্ছিতর ঘটনায় দুই শিক্ষার্থীকে বহিষ্কারের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেছেন শিক্ষার্থীরা। ওই দুই শিক্ষার্থী হচ্ছে- অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজ। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন মহিলা বিষয়ক কর্মকর্তা।

জানা গেছে, এসএম ফয়েজ নামের এক ব্যক্তি মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে তার দুই মেয়ে অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজকে বিউটিশিয়ান প্রশিক্ষণে ভর্তি করান। এরা দুজনই প্রশিক্ষণে এসে মোবাইল ফোন ব্যবহার করে ও টিকটক ভিডিও করে। এতে নিষেধ করলে ফয়েজ আহমেদ আজ বুধবার সকালে প্রশিক্ষণ কক্ষে ঢুকে প্রশিক্ষকসহ অন্যান্য প্রশিক্ষণার্থীদের উপর হামলা চালিয়ে লাঞ্ছিত করে। এসময় ফেশিয়াল কাজে ব্যবহৃত নানা উপকরণ নষ্ট করে ফেলে। শুধু তাই নয়, ফয়েজ ও তার স্ত্রী তানিয়া তাবাচ্ছুম মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে কর্মকর্তা নাছিমা খাতুনকে নানা ধরণর হুমকী প্রদান করে।

এ ঘটনায় অন্যান্য শিক্ষার্থীরা ওই দুই শিক্ষার্থী অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজকে বিউটিশিয়ান প্রশিক্ষণ থেকে বহিষ্কার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করে। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম মহিলা বিষয়ক কর্মকর্তাকে ব্যবস্থা নেয়ার জন্য সুপারিশ করেন।

মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন ঘটনার সত্যতা স্বীকার করে জানান, উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশ অনুযায়ি ব্যবস্থা নেয়া হবে।